

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট  
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী।

গত ২২ আগস্ট ২০২৪ তারিখ বেলা ১০.৩০টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম ত্রৈমাসিক সভা জনাব মোছাঃ নূরজাহান খাতুন (অতিরিক্ত সচিব), মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট শিক্ষা ভবন, ঢাকা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভাপতি অংশীজনদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক ও বিকল্প ফোকাল পয়েন্ট আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভায় ইউনিটের অংশীজনের মতামত পাওয়া যায়। জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) ও বিকল্প ফোকাল পয়েন্ট জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ১.৫ কার্যক্রম অনুযায়ী কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণের নির্দেশনা রয়েছে। ইউনিটের ৫০৭ নম্বর কক্ষ সংলগ্ন ওয়াশরুমটি এখনও ব্যবহারের অনুপযোগী অবস্থায় আছে। তবে অন্য দুটি ওয়াশরুমের মেরামত ও সংস্কার কাজ চলমান আছে। ইউনিটের কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধি অনুসরণে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য উক্ত ওয়াশরুমসমূহের আশু মেরামতের প্রয়োজন বলে মত প্রকাশ করেন।

৪। জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা, উপপরিচালক (প্রশাসন) জানান, এ ইউনিটের ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ করা হয়েছে। দাপ্তরিক পোষাক পরিধান করে কর্মস্থলে দায়িত্ব পালনের বিষয়টি প্রশাসনিক শৃঙ্খলা পর্যায়ভুক্ত। তিনি ইউনিটের প্রাধিকারভুক্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক পরিধান করে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান।

৫। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক, (প্রশাসন ও অর্থ) জানান, ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি গত ২১ আগস্ট ২০২৪ তারিখে হালনাগাদ করা হয়েছে। তিনি হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিটি জরুরিভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানান।

৬। সভাপতি মহোদয় তথ্য অধিকার আইনের অধীনে উক্ত আইনের বিধানাবলী যাচাই সাপেক্ষে অংশীজন/ব্যক্তি/নাগরিকদের প্রাপ্ত তথ্য যথাসময়ে সরবরাহ করে ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। একইসঙ্গে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানান। এছাড়া কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি জীবনে নৈতিকতা, শিষ্টাচার বজায় রেখে পরমতসহিষ্ণু ও অন্যের মতামতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে দাপ্তরিক কার্যাদি সম্পন্ন করার জন্য তিনি তাগিদ দেন।

৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে কাজ করার আহ্বানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৮/২৪  
মোছাঃ নূরজাহান খাতুন  
(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০-২-৪১০৫০৩৮৯

ই-মেইল: cpeimu2011@gmail.com

